



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৯১১/ক/অনু:/২০১৮ ৯৬৫

তারিখ: ৩২ ১০ ২০২০

বিষয়: ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৬ তারিখ: ০২/০১/২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ঢাকা মহানগরীর মিরপুরে অবস্থিত “মিরপুর সাইন্স কলেজ” কে ২০২০-২১ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছে। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

১। বিজ্ঞান

বিষয়সমূহ:

আবশ্যিক:

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

বিজ্ঞান:

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন
- ৩। জীব বিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ:

- ১। এই অনুমতির মেয়াদ পত্র ইস্যুর তারিখ থেকে আগামী ৩ (তিন) বছর কার্যকর থাকবে।
- ২। ০৩ (তিন) বৎসরের মধ্যে নিজস্ব স্থাপনায় প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে।
- ৩। নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ৪। কলেজে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করতে হবে।
- ৫। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৬। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৭। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৮। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ০৯। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে;
- ৯। ব্যানবেইস হতে EIIN NO উল্লেখ পূর্বক কলেজ কোড নম্বরের জন্য বোর্ডে আবেদন করতে হবে।
- ১০। আগমি ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

And

- ১১। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ১২। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ১৩। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ১৪। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১৫। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- বিজ্ঞান শাখায় ২০০ জন।
- ১৬। বিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে।
- ১৭। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
 - (গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ।
- ১৮। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিটরিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১৯। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে সরকার যে কোন সময়ে এ অনুমতিপত্র বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বঃ

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ

মিরপুর সাইন্স কলেজ

বাসা-১৬, রোড-৬, ব্লক-এ, সেকশন -১০ মিরপুর, ঢাকা-১২১৬।

মেমো নং- ৭৮৫ (৭)

তারিখ: ২২/০২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।


২২.০২.২০২০

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

AM